



নিয়োগ বিজ্ঞপ্তি

নং- ২৭.০২.০০০০.০১১.১১.০১.১৮.৬৮

তারিখ : ১৩ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ

বিদ্যুৎ বিভাগের আওতাধীন “টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শেডা)” এর অধীনে নিম্নোক্ত পদে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদনাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী পরিচালক (জ্বালানি দক্ষতা) টাকা ২২,০০০-৫৩,০৬০/- (৯ নং গ্রেড)	০১(এক) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ বা যান্ত্রিক বা কেমিক্যাল প্রকৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি; এবং (খ) শিক্ষা জীবনে ২ (দুই) টিতে প্রথম বিভাগ বা শ্রেণি থাকিতে হইবে; তবে কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হইবে না।

২। চেয়ারম্যান, “টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (শেডা)”, বিদ্যুৎ বিভাগ, আইইবি ভবন-১১ তলা, রমনা, ঢাকা বরাবরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাকুরির আবেদনের মডেল ফরম অনুযায়ী আবেদন করতে হবে। আবেদন ফরম শেডার নিজস্ব ওয়েব সাইট www.sreda.gov.bd এ পাওয়া যাবে।

৩। বয়স: ১৩/০৩/২০২২ তারিখে সর্বোচ্চ বয়স ৩০ (ত্রিশ) বৎসর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা/প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২(বত্রিশ) বছর।

শর্তাবলিঃ

- চেয়ারম্যান, শেডা, বিদ্যুৎ বিভাগ, আইইবি ভবন (১১ তলা), রমনা, ঢাকা-১০০০ অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডারসহ আগামি ১৩/০৩/২০২২ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে উল্লিখিত ঠিকানায় আবেদন পৌছাতে হবে। সরাসরি আবেদন নির্ধারিত সময়ের মধ্যে শেডার অভ্যর্থনা কক্ষে রক্ষিত বক্সে জমা দেয়া যাবে।
- খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। স্বাক্ষরবিহীন ও অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্রের সত্যায়িত কপি এবং ১০ টাকা মূল্যমানের ডাক টিকেট যুক্ত প্রার্থীর ঠিকানা সম্বলিত ১টি ফেরত খাম সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের এক সেট সত্যায়িত ফটোকপিসহ মূল কপি পেশ করতে হবে।
- সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিজ নিজ প্রতিষ্ঠানের অনাপত্তি সনদের মূলকপি অবশ্যই দাখিল করতে হবে।
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি-বিধান প্রযোজ্য হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা হ্রাস বৃদ্ধি এবং বিজ্ঞাপন বাতিলের অধিকার সংরক্ষণ করে।

সদস্য (প্রশাসন)

ও

আহ্বায়ক

নিয়োগ/পদোন্নতি বিষয়ক বিভাগীয় নির্বাচন কমিটি